# ৫ আগস্ট উদ্বোধন হচ্ছে জুলাই স্মৃতি জাদুঘর, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী




ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি ও বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন সংরক্ষণের উদ্দেশ্যে নির্মিত ‘জুলাই স্মৃতি জাদুঘর’ আগামী ৫ আগস্ট আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করছে। এদিন সকাল ৯টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জাদুঘরের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, উদ্বোধনী আয়োজনে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, সামরিক ও বেসামরিক প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা এবং আমন্ত্রিত অতিথিরা উপস্থিত থাকবেন।

প্রথম দিনে জুলাই আন্দোলনে শহীদ ও আহতদের পরিবারের সদস্যদের জন্য জাদুঘরটি উন্মুক্ত রাখা হবে। পরবর্তী সময়ে নির্ধারিত অনলাইন নিবন্ধন প্রক্রিয়ার মাধ্যমে সাধারণ দর্শনার্থীরাও জাদুঘরটি ঘুরে দেখার সুযোগ পাবেন।

জাদুঘরে জুলাই গণঅভ্যুত্থানের ঘটনাপ্রবাহ তুলে ধরা হয়েছে নানা আলোকচিত্র, গুরুত্বপূর্ণ নথি, স্মারক, অডিও-ভিজ্যুয়াল উপস্থাপনা এবং শহীদদের ব্যবহৃত বা সংশ্লিষ্ট বিভিন্ন স্মৃতিচিহ্নের মাধ্যমে।

LENS ASIA